ফেসবুকে ভুয়া আইডি খুলে অপপ্রচার-থানায় ডায়রী

মেহেরপুর পৌরভার ৭ নং ওয়ার্ডের রদরুদ্দোজার ছেলে নাগরিক ঐক্য মেহেরপুর এর জেলা আহবায়ক মনিরুজ্জামান সোহেল এর মোবাইল নাম্বার হ্যাক করে “ক্রাইম ক্রাইম” নামে ফেসবুক আইডি খুলে বিভিন্ন ধরনের অপপ্রচার চালানো হচ্ছে বলে অভিযোগ উঠেছে। এ ব্যাপারে মনিরুজ্জামান সোহেল মেহেরপুর সদর থানায় একটি সাধারণ ডায়রী করেছে, যার নং ৩২৩।

এ ব্যাপারে সোহেল জানান, আমার ব্যাক্তিগত সম্মানকে হেই প্রতিপন্ন করার উদ্দেশ্যে কে বা কারা ভুয়া আইডি খুলে বিভিন্ন অপপ্রচার করছে। আমি এ ঘটনার তিব্র দিন্দা জানাচ্ছি। সেই সাথে ভবিষ্যতে যাতে এমন ঘটনা না ঘটে সে জন্য প্রশাসনের হস্তক্ষেপ কামনা করছি।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধে মানববন্ধন

মুজিবনগরে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০১৯ উদযাপন উপলক্ষে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল সাড়ে দশটার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে উপজেলার গেটের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

উক্ত মানববন্ধনে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল

ইসলাম, তথ্যসেবা কর্মকর্তা তানিয়া খন্দকার, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর উপজেলার দুর্নীতিবিরোধী কমিটির সাধারণ সম্পাদক বাকের আলী প্রমুখ অংশ নেন।

- গাংনী প্রতিনিধি

মুজিবনগরে বেগম রোকেয়া দিবস পালিত

মুজিবনগরে র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে বেগম রোকেয়া দিবস পালিত হয়েছে।সোমবার সকাল এগারোটার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।

উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাসের নেতৃত্বে র্যালীটি শহরের মেন মেন সড়ক প্রদক্ষিন করে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ হয়।

উক্ত র্যালীতে উপজেলা নির্বাহী অফিসার(ভাঃপ্রাঃ)এম.এম আরাফাত হোসেন,

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, সমাজসেবা অফিসার আব্দুর রব, তথ্যসেবা কর্মকর্তা তানিয়া খন্দকার, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্সসহ উপজেলার সকল কর্মকর্তারা অংশ নেন।

র্যালী শেষে উপজেলা নির্বাহী অফিসার(ভাঃপ্রাঃ) এম.এম আরাফাত হোসেনের সভপতিত্বে পরিষদ মিলনয়াতনে বেগম রোকেয়া দিবসের আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

উক্ত আলোচনা সভায় বেগম রোকেয়া দিবসের তাৎপর্য তুলে ধরে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম।

- মুজিবনগর অফিস

গাংনীতে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসন ও দুর্নীতি প্রতিরোধ কমিটির আয়োজনে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে সোমবার সকালে উপজেলা পরিষদের সামনে এক মানব বন্ধন অনুষ্ঠিত হয়।

মানব বন্ধন শেষে উপজেলা পরিষদের সভা কক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক। উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি ও সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক মহাঃ আবু জাফর এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ভূমি কর্মকর্তা মোঃ ইয়ানুর রহমান, গাংনী থানার ভার-প্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) সাজেদুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম, উপজেলা যুবলীগের সভাপতি মোঃ মোশাররফ হোসেন, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক বলেন, দূর্নীতি একটা দেশকে পিছিয়ে দেয়। তাই আমাদের সকলকে দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান নিতে হবে। তিনি বলেন দূর্নীতি যদি আমিও করি আপনারা আমাকে ধরবেন আমি আপনাদের স্বাগত জানাব। জননেত্রী শেখ হাসিনা আমাদের দেশকে অনেক উন্নয়নের দিকে নিয়ে গেছে। আর এটা একমাত্র দূর্নীতির বিরোধী অবস্থান নেওয়ার কারণে হয়েছে।

আলোচনা সভায় উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি মহা: আবু জাফর বলেন, আগে নিজে সঠিক হোন দেখবেন দেশটা এমনিতেই ঠিক হয়ে গেছে দুর্নীতি মুক্ত হয়ে গেছে এবং দেশ উন্নয়নের দিকে চলে যাচ্ছে। তিনি আহবান করেন বর্তমান সরকার বড় বড় রাঘব বোয়ালদেরও ছাড় দিচ্ছেনা তাইতো আমাদের বাংলাদেশ আগের চাইতে অনেক উন্নয়ন লাভ

করেছে। এ সময় উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা, সাংবাদিক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

- গাংনী প্রতিনিধি

মুজিবনগরে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধে মানববন্ধন

মুজিবনগরে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০১৯ উদযাপন উপলক্ষে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল সাড়ে দশটার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে উপজেলার গেটের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম, তথ্যসেবা কর্মকর্তা তানিয়া খন্দকার, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর উপজেলার দুর্নীতিবিরোধী কমিটির সাধারণ সম্পাদক বাকের আলী প্রমুখ অংশ নেন।

– মুজিবনগর অফিস

মুজিবনগরে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উপলক্ষে মানববন্ধন

“আমরা দুর্নীতির বিরুদ্ধে একাত্মবদ্ধ” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে মুজিবনগরে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উপলক্ষে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল দশটার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলার গেটের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস,মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম, তথ্যসেবা কর্মকর্তা তানিয়া খন্দকার, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর উপজেলার দুর্নীতিবিরোধী কমিটির সাধারণ সম্পাদক বাকের আলী প্রমুখ অংশ নেন।

- মুজিবনগর অফিস

মুজিবনগরে বেগম রোকেয়া দিবস পালিত

মুজিবনগরে র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে বেগম রোকেয়া দিবস পালিত হয়েছে। সোমবার সকাল এগারোটার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাসের নেতৃত্বে র্যালীটি শহরের মেন মেন সড়ক প্রদক্ষিন করে পুনরায় পরিষদ

চত্বরে এসে শেষ হয়।

র্যালীতে উপজেলা নির্বাহী অফিসার (ভাঃপ্রাঃ) এম.এম আরাফাত হোসেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, সমাজসেবা অফিসার আব্দুর রব, তথ্যসেবা কর্মকর্তা তানিয়া খন্দকারসহ উপজেলার সকল কর্মকর্তারা অংশ নেন।

র্যালী শেষে উপজেলা নির্বাহী অফিসার (ভাঃপ্রাঃ) এম.এম আরাফাত হোসেনের সভপতিত্বে পরিষদ মিলনয়াতনে বেগম রোকেয়া দিবসের আলোচনাসভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বেগম রোকেয়া দিবসের তাৎপর্য তুলে ধরে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম।

- মুজিবনগর অফিস

মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের পুর্নাঙ্গ কমিটি গঠন

সেলিম আহমেদকে সভাপতি এবং এম এ এস ইমনকে সাধারন সম্পাদক করে মেহেরপুর জেরা কমিউনিটি ক্লাবের পুর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। গতকাল রবিবার সন্ধায় এ কমিটি গঠন করা হয়। আগামী ১২ ডিসেম্বর বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টায় প্রাানী সম্পদ অধিদপ্তর মৃত্তিকা অডিটোরিয়ামে কমিটির সকলকে উপস্থিত থাকতে বলা হয়েছে।

কমিটির অন্য সদস্যরা হলেন- সহ সভাপতি আহসান হাবীব, এস এম মরতুজা আলম (বুলবুল), শহীদুল্লাহ আল কাওছার, মাহমুদুল হাসান মিলন, রেজাউল হক, শাহিনুজ্জামান, ব্যারিস্টার হাফিজ, ক্যাপ্টেন আজম, সাঈদ আহমেদ সাইক্লোন, যুগ্ন সাধারন সম্পাদক মিল্টন এইচ বিশ্বাস (মুখপাত্র), এনামুল হক মিন্ট, মঞ্জুরুল আলম মিলন, এম এম নূর ইসলাম, সেলিমুল আলম মাসুম, আনিছুর রহমান টোকন, নির্বাহী পরিচালক বিকলুস আহমেদ, সাংগঠনিক সম্পাদক আজিজুল হক (আজিজ), জেমস্ স্বপন

মল্লিক (বাবু), শোয়েব রেহমান, কোষাধ্যক্ষ মোঃ মাসুদ রেজা (সম্পাদক), শামীম আহমেদ (সহ-সম্পাদক), দপ্তর সম্পাদক সাইদুর রহমান, সহ দপ্তর সম্পাদক সম্রাট বিশ্বাস, প্রচার সম্পাদক কামরুল ইসলাম, সহ প্রচার সম্পাদক সোহানুর রহমান সোহান, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট আল ইমরান মুকুল, সহ আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট রাশেদুল ইসলাম রাশেদ,সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক সারেক রায়হান (অরুপ শিশির), সহ সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক সম্পাদক মোঃ জুলফিকার আলী, দুর্যোগ ও ত্রান বিষয়ক সম্পাদক কামাল হোসেন, সহ-সম্পাদক নাজমুল হুদা, স্বাস্থ সেবা সম্পাদক সাখাওয়াত হোসেন পিন্টু, সহ-সম্পাদক তৌহিদুর রহমান লুটু. তথ্য ও প্রযুক্তি সম্পাদক হাসানুজ্জামান সুজন, সহ- সম্পাদক রাজু আহমেদ, বন ও পরিবেশ সম্পাদক রাকিবুল ইসলাম রাকিব সহ- সম্পাদক প্রিন্স ইমরান, স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক, সহ-সম্পাদক ইলিয়াস মোঃ জমিরুল ইসলাম, ছাত্র বিষয়ক সম্পাদক খাইরুল ইসলাম সহ-সম্পাদক নাইম ইসলাম, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আহাম্মেদ কাদের বীন হান্নান (বিদ্যুৎ),সহ- সম্পাদক সাইফুল ইসলাম, ধর্ম বিষয়ক সম্পাদক সেলিম রেজা মিলন, সহ-সম্পাদক মোঃ আবুল কালাম আজাদ, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাইফুল ইসলাম (ডলার),সহ- সম্পাদক মাহাবুব হোসেন,) মহিলা বিষয়ক সম্পাদক তছলিমা খাতুন,সহ-সম্পাদক শারমীন রতœ◌া, পাঠাগার সম্পাদক হাসানুজ্জামান দুলাল, সহ-সম্পাদক আলমগীর হোসেন, শ্রম ও কর্ম সংস্থান সম্পাদক লিটন সরকার লিটু, সহ-সম্পাদক শাহীনুর রহমান, যুব সম্পাদক রোকনুজ্জামান রকন,সহ-সম্পাদক হেলেন, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক গোলাম মোস্তফা, সহ-সম্পাদক হুমায়ন ইলতুত, ক্রীড়া বিষয়ক সম্পাদক রাশেদুজ্জামান বিপুল,সহ- সম্পাদক মাহাবুব শ্যামল, শিক্ষা বিষয়ক সম্পাদক শেখ কামাল সুমন, সহ-সম্পাদক সোহাগ, খাদ্য ও আপ্যায়ন সম্পাদক কামরুজ্জামান সোহাগ, সহ-সম্পাদক লিপন মন্ডল লিপু।

হ্যাপি মন্ডল, জয়নাল আবেদিন,সুবরনা রহমান, শাহজাহান কবির, মুস্তাফিজুর রহমান মুস্তাক , কুদরতে খোদা রুবেল, মাহাতাব উদ্দীন মিঠু, হাফিজুর রহমান, মাসুদ মোহাম্মদ লতিফ, মাহবুব রহমান, সাইফ হাসান কৌশিক, আবির বিন্দু, আহসান হাবীব অনিক, গালিব জামান, ইলিয়াস হোসেন, রোকনুজ্জামান খোকন, আলম হোসেন, সাদাত হোসেন, সুমি শবনম, মোস্তাফিজুর রহমান লিটন, আব্দুল খালেক, প্রভাষক হাফিজুর রহমান, আবু নাসের কচি,এস পি কাজল,ডাঃ কাজল, রাশেদুল ইসলাম পল্লব, প্রভাষক আশরাফুল ইসলাম চঞ্চল, রেজা বীন মুজিব, মাহাফুজুর রহমান রতন, মুসলিমারা জেসমিন, আসাদুজ্জামান আসাদ,

মখলেছুর রহমান (বুলবুল), মেজর মাহফুজ সামিউজ্জামান সামী, দেলোয়ার হোসেনকে।
- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ৪৫ টাকা কেজি দরে পেঁয়াজ বিক্রি শুরু

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে টিসিবির সহযোগীতায় ৪৫ টাকা কেজি দরে পেঁয়াজ বিক্রির উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে জেলা প্রশাসক মো: আতাউল গনি পেঁয়াজ বিক্রি কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান উপস্থিত ছিলেন।

এসময় জেলা প্রশাসক মো: আতাউল গনি বলেন, অসাধু ব্যবসায়ীদের খপ্পড়ে পড়ে পেঁয়াজের দাম বেড়েই চলেছে। আমরা সরকারি ভাবে টিসিবির মাধ্যমে ৪৫ টাকা কেজি দরে পেঁয়াজ বিক্রির উদ্যোগ গ্রহণ করেছি। ১ম দফায় ১০ মেট্রিক টন পেঁয়াজ আনা হয়েছে। পরবর্তিতে আরো পেঁয়াজ আনা হবে। ক্রেতাদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা শান্ত সুষ্ঠভাবে পেঁয়াজ কিনবেন। কেউ নিজের কাজ ফেলে পেঁয়াজ কিনতে আসবেন না। কাজ সেরে ধীরে সুস্থে আসবেন। আপনারা সকলেই এখান থেকে পেঁয়াজ কিনতে পারবেন। কেউ একবারে বেশি পেঁয়াজও কিনবেন না।

তিনি আরো বলেন, মেহেরপুরে যেসকল টিসিবির ডিলার আছেন । তারা পেঁয়াজ আনতে আগ্রহ প্রকাশ না করায় তাদের লাইসেন্স বাতিলের ব্যবস্থা করা হয়েছে। একই সাথে অসাধু ব্যবসায়ীদের আইনের আওতায় এনে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে।

-এস এ সাদিক খান,মেহেরপুর

কর্মসংস্থানের লক্ষ্যে মেহেরপুরে সরকারি ভাবে কম্পিউটার ও বিউটিফিকেশন কোর্সে ভর্তি চলছে

মেহেরপুরে সম্পূর্ণ সরকারি ভাবে, মেহেরপুর জেলার সর্ববৃহত্তর কম্পিউটার ট্রেড, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র মেহেরপুর শহর সমাজসেবা কার্যালয়ে ২৯ তম ব্যাচে জানুয়ারী-২০২০ হতে জুন-২০২০ সেশনে ৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটারে অফিস_এ্যাপ্লিকেশন, বিউটিফিকেশন সক বিভন্ন কোর্সের ভর্তি ফরম বিতরণ ও ভর্তির কার্যক্রম শুরু হয়েছে।

মেহেরপুর জেলার বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থান গড়ার লক্ষ্যে নিজেকে দক্ষ ও স্বাবলম্বী করে তোলার উদ্দেশ্যে মেহেরপুর শহর সমাজসেবা কার্যালয় দূর-দূরান্ত থেকে ছুটে আসা প্রশিক্ষণার্থীরা কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ করছেন। মেহেরপুর জেলার সর্ববৃহৎ সরকারি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র।

সরজমিনে গিয়ে দেখা যায় বর্তমানে জুলাই 2019 হতে ডিসেম্বর 2019 শেসনে ২৯ তম ব্যাচে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে মেহেরপুর শহর সমাজসেবা কার্যালয় এর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের 180 জন কম্পিউটার প্রশিক্ষণার্থীরা কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ করছেন।

এখানে শুধু কম্পিউটার প্রশিক্ষণ নয় এখানে কম্পিউটার প্রশিক্ষণ, বিউটিফিকেশন, সেলাই ড্রেস মেকিং, আরবিয়ান, করিয়ান ভাষা, আমিনশীপ, গ্রাফিক্স ডিজাইন ও কম্পিউটার আউট সোর্সিং সকল পর্যায়ের চালু আছে।

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের প্রধান কম্পিউটার প্রোগ্রামার ও প্রশিক্ষক এস এম রাসেল বলেন, সারা বাংলাদেশে ৬৪ জেলায় ৮০ ইউসিডি আছে।

এবং
মোঃ আলাউদ্দীন
সমাজসেবা অফিসার
ও
অধ্যক্ষ
দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র- UCD
শহর সমাজসেবা কার্যালয়, মেহেরপুর।

ভর্তির জন্য বিস্তারিত জানতে- এস এম রাসেল, প্রধান কম্পিউটার প্রশিক্ষক, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, UCD মল্লিক পাড়াস্থ্য শহর সমাজসেবা কার্যালয়, মেহেরপুর। মোবাঃ 01911-966919

- নিজস্ব প্রতিনিধি